১৬ বছরের শাপমোচন মারাদোনার দেশের ■ টিকিট পাকা ফ্রান্স, পোর্তুগালের

মেসির কাঁধে চেপে বিশ্বকাপে আর্জেন্টিনা

কুইটো, ১১ অক্টোবর ঃ 'ইউক্যালিপটাসের মাথায় চড়ে বর্ষা নামা সন্ধে এল'- তবে তাঁর কাছে সন্ধের বদলে একটা ঝলমলে রাত উপহার চেয়েছিল ফুটবল বিশ্ব। কিন্তু ৯ হাজার ফিট উচ্চতা, শেষ চার ম্যাচে গোলমুখ খুঁজে না পাওয়া, অতিরিক্ত ব্যক্তি নির্ভরতা- তাদের বিপক্ষে বলতে শুরু করলে এহেন একাধিক তেতো বিশ্লেষণ উঠে আসবে। তবে রাজপুত্রকে নিয়েই রাশিয়ায় আগামী বছর বসছে ফুটবলের রাজসূয় যজ্ঞ।

দীর্ঘ টানাপোড়েন, আশা-আশঙ্কার দোলাচল শেষে ইকুয়েডরের অন্তিম হার্ডল টপকে ২০১৮ বিশ্বকাপের টিকিট জিতে নিলেন লিওনেল মেসি। টানা ব্যর্থতা, সমালোচনায় তৈরি হওয়া চাপ সরিয়ে চ্যাম্পিয়ন মেজাজে দলকে মূলপর্বে তুলে দিলেন। বাঁচিয়ে রাখলেন নিজের বিশ্বকাপ-স্বপ্নকে।

ফলাফল

ব্রাজিল-৩ চিলি-০
আর্জেন্টিনা-৩ ইকুয়েডর-১
পেরু-১ কলম্বিয়া-১
উরুগুয়ে-৪ বলিভিয়া-২
ভেনেজুয়েলা-১ প্যারাগুয়ে-০

একমেবাদ্বিতীয়ম্ মেসি। তাঁর বিধ্বংসী হ্যাটট্রিকে ইকুয়েডরকে ৩-১ গোলে উড়িয়ে কুইটোর এস্তাদিও অলিম্পিকো আটাহুয়ালপায় ১৬ বছরের শাপমোচন ঘটাল অ্যালবিসেলেস্টেরা।

২০০১ সালে শেষবার বিশ্বের দ্বিতীয় উচ্চতম স্টেডিয়ামে জয় পেয়েছিল আর্জেন্টিনা। মাঝের সময়টাতে লা মাসিয়ার অন্যতম সেরা ছাত্রটি বার্সেলোনার জার্সিতে একাধিক

পয়েন্ট টেবিল

দল	ম্যাচ	জয়	ড্র	হার	গোল পার্থক্য	পয়েন্ট
ব্রাজিল	১৮	১২	৫	১	৩০	৪১
উরুগুয়ে	১৮	৯	৪	৫	১২	৩১
আর্জেন্টিনা	১৮	৭	৭	৪	৩	২৮
কলম্বিয়া	১৮	৭	৬	৫	১	২৬
পেরু	১৮	৭	৫	৬	২	২৭

কথায় বলে, দেয়ালে পিঠ ঠেকে গেলেই নাকি জাত ফুটবলাররা রং ছড়াতে বেশি ভালোবাসেন। নীল-সাদা জার্সিধারীদের অন্যতম অভিশপ্ত মঞ্চে তা বাস্তবায়িত করে ছাড়ল সোনায় মোড়ানো বাঁ-পা। শেষ বিশ্বকাপ ও দুটি কোপা আমেরিকার ফাইনালে তাঁকে কাঁদতে দেখেছিল ফুটবল বিশ্ব। তবে বুধবার ভোররাতে চোখে জল নয়, একার হাতে আর্জেন্টিনাকে রাশিয়া বিশ্বকাপে তুলে মাঠ ছাড়লেন স্বপ্নের মুহূর্ত তৈরি করলেও ইকুয়েডরের মাটিতে দেশের জঘন্য ইতিহাসটা বদলাতে পারেননি। কেরিয়ারের সবচেয়ে বড়ো পরীক্ষায় মেসির মার্কশিট কেমন হয় তা দেখার অপেক্ষায় ছিলেন ফুটবলপ্রেমীরা। শুরুটা চলতি যোগ্যতাপর্বের ব্যর্থতার আতঙ্ককে বাড়িয়ে দেওয়া। ৩৮ সেকেন্ডে গোল করে আর্জেন্টাইন ডিফেন্সে ভয় ধরিয়ে দেন ইউকুয়েডরের রোমারিও ইবারা।

১-০ লিডের পর অজ্ঞাত কারণে রক্ষণের খোলসে ঢুকে যায় ইকুয়েডর। বিপক্ষের যে স্ট্র্যাটেজির সুযোগ কাজে লাগিয়ে আর্জেন্টিনা ম্যাচের দখল নিয়ে নেয় মেসি-অ্যাঞ্জেল ডি মারিয়ার যুগলবন্দিতে। ১২ মিনিটে ডি মারিয়ার ডিফেন্স চেরা পাস থেকে অ্যাকাউন্ট খোলেন বার্সার নয়নের মণি। ৮ মিনিট বাদেই আবার মেসি ম্যাজিক। ডি বক্সের বাইরে থেকে গোলার মতো শটে গোল করে যান বার্সা সুপারস্টার। প্রথমার্ধের বাকি সময়টাতে ইকুয়েডর তাঁকে শান্ত রাখতে পারলেও ৬২ মিনিটে মেসির হ্যাটট্রিক ১৮ ম্যাচে ২৮ পয়েন্ট নিয়ে তৃতীয় স্থানে শেষ করা আর্জেন্টিনার জন্য বিশ্বকাপের টিকিট নিশ্চিত করে। কোচিং জীবনের বৃহত্তম চ্যালেঞ্জে উত্তীর্ণ হওয়ার পর জর্জিও সাম্পাওলির গলাতেও মেসির প্রশংসা ঝরে পড়েছে। তাঁর কথায়, 'মেসি নয়, ফুটবল বিশ্বকাপটাই ওর কাছে ঋণী হয়ে থাকবে। ফুটবল ইতিহাসের সেরা ফুটবলার মেসি। সেটা আজকে ও আবার প্রমাণ করল।'

এদিকে, মেসির আরও একটা স্মরণীয় পারফরম্যান্সের দিনে সেলেকাওদের কাছে ৩-০ গোলে হেরে পিটার্সবার্গগামী বিমানে ওঠার স্বপ্ন ধুলিসাৎ হল সাম্পাওলির প্রাক্তন দল চিলির। ব্রাজিলের ঘরের মাঠে প্রথমার্ধ গোলশূন্য থাকলেও ৫৫ মিনিটে সেলেকাওদের এগিয়ে দেন বার্সার মিডফিল্ডার পাওলিনহো। ২ মিনিট বাদে ম্যাঞ্চেস্টার সিটির স্ট্রাইকার গ্যাব্রিয়েল জেসাস লিড ডাবল করেন। দ্বিতীয়ার্ধের অতিরিক্ত সময়ে জেসাসের দ্বিতীয় গোল কোপা আমেরিকা চ্যাম্পিয়নদের কফিনে শেষ পেরেক পুঁতে দেয়। হারের জেরে সাংবাদিক সম্মেলনেই নিজের পদত্যাগ ঘোষণা করেন চিলির কোচ অ্যান্তোনিও পিজ্জি। একরাশ হতাশা নিয়ে তিনি বলেন, 'হারের পুরো দায় আমার। আমরা সর্বস্ব দিয়ে চেষ্টা করেছিলাম। তবে সেটা যথেষ্ট ছিল না। আমি নিজের দায়িত্ব থেকে অব্যাহতি চাইছি।'

আর্জেন্টিনাকে বিশ্বকাপে তোলার পর উচ্ছ্বাস লিওনেল মেসির।

রাজপুত্রের চোখ খেতাবে

কুইটো, ১১ অক্টোবর ঃ মেসিহীন বিশ্বকাপের আতঙ্ক দূর।

৯ হাজার ফুট উচ্চতার প্রতিকূলতা কাটিয়ে নতুন উচ্চতায় ফুটবল রাজপুত্র। লাতিন আমেরিকা গ্রুপের নাটকীয় অন্তিম রাউন্ডের ম্যাচে দলকেই শুধু ২০১৮ রাশিয়া বিশ্বকাপে পৌঁছে দিলেন না, বাঁচিয়ে রাখলেন নিজেকেও। চমকপ্রদ হ্যাটট্রিকে নীল-সাদা জার্সিধারীদের মূলপর্বে পৌঁছে দিয়ে পরবর্তী লক্ষ্যও ঠিক করে ফেলেছেন লিয়োনেল মেসি। পাখির চোখ বিশ্বকাপ জয়ে।

ইকুয়েডরকে ৩-১-এ হারিয়ে স্বস্তির নিশ্বাস ফেলে আর্জেন্টিনীয় ফুটবল রাজপুত্র বলেন, 'বিশ্বকাপের মূলপর্বে উঠতে না পারলে তা অস্বাভাবিক হত। টিকিটটা আমাদের গোটা দলের প্রাপ্য ছিল। টানা তিনটি আন্তর্জাতিক টুর্নামেন্টের ফাইনালে খেলার পরও সমালোচনা শুনতে হয়েছে আমাদের। সেদিক থেকে আজকের দিনটা আমাদের সবার কাছে অত্যন্ত গুরুত্বপূর্ণ ছিল।'

চিরপ্রতিদ্বন্দ্বী ব্রাজিল অনেক আগেই বিশ্বকাপের টিকিট নিশ্চিত করে নিয়েছিল। সেখানে শেষ ম্যাচ পর্যন্ত অপেক্ষা। মেসিময় আর্জেন্টিনার ঠোক্কর খাওয়া নিয়ে সমালোচনার ঝড় উঠেছিল দেশি-বিদেশি সংবাদমাধ্যমে। সমালোচনার ফলে যাতে দলের উপর নেতিবাচক প্রভাব না পড়ে কোচ জর্জ সাম্পাওলি আর্জেন্টিনীয় ড্রেসিংরুমে 'সংবাদপত্রের' ঢোকার উপর নিষেধাজ্ঞা জারি করেছিলেন। মেসিরা দূরে ছিলেন মিডিয়া থেকে। পাহাড়প্রমাণ চাপ সরানোর খুশি নিয়ে মেসি আরও বলেন, 'দীর্ঘদিন ধরে সংবাদমাধ্যম থেকে নিজেদের দূরে রেখেছিলাম। এই সিদ্ধান্তটা দলের মধ্যে একাত্মতা বাড়িয়েছিল। বাড়িয়েছিল মনঃসংযোগ। আর জানতাম, সবাই যদি হাতে হাত ধরে ঝাঁপাই, তাহলে সবকিছু সম্ভব। সেটাই হয়েছে।'

পকেটে রাশিয়া বিশ্বকাপের টিকিট। আগামী বছর লেলিন-স্তালিনের দেশ থেকে ফিরতে চান একেবারে বিশ্বকাপ ট্রফিকে সঙ্গে নিয়েই। আর দেশে-বিদেশে ছড়িয়ে থাকা অগণিত সমর্থকদের সেই স্বপ্নটা দেখিয়েই মেসি বলেন, 'গত বিশ্বকাপ, দুটি কোপা আমেরিকা কাপে আমাদের সঙ্গে যা হয়েছে, সেটা অত্যন্ত দুর্ভাগ্যজনক। আসন্ন বিশ্বকাপে সেই যন্ত্রণা মুছে ফেলতে চাই। আশা করি আমরা পারব। আপাতত মূলপর্বে পৌঁছোনোর খুশিটা চেটেপুটে নিতে চাই। তারপর আস্তে আস্তে বিশ্বকাপের প্রস্তুতি। আগামী দিনে এই দল বদলাবে, আরও উন্নতি করবে।'

মেসি ম্যানিয়ায় মজে আর্জেন্টিনা। সতীর্থরাও। ইকুয়েডরকে হারানোর পর ড্রেসিংরুমে ফিরে বিজয়োৎসবে মাতেন নীল-সাদা জার্সিধারীরা। সাপোর্ট স্টাফদের নিয়ে যে উৎসবের মধ্যমণি খোদ রাজপুত্র। খালি গায়ে শিশুর মতো মুহূর্তটা চেটেপুটে নিলেন মেসি এবং তাঁর সতীর্থরাও। বাদ যাননি কোচ জর্জ সাম্পাওলি-ও। মেসির প্রশংসায় মেতে বললেন, 'ম্যাচের পর ছেলেদের কী বলেছি জানেন? মেসি আর্জেন্টিনাকে বিশ্বকাপে নিয়ে যায়নি, ফুটবলই মেসিকে বিশ্বকাপে নিয়ে গিয়েছে। ফুটবল বিশ্বকাপই ওর কাছে ঋণী। ভাগ্যবান আমরা, বিশ্বের সেরা ফুটবলার একজন আর্জেন্টিনীয়।'

হ্যাটট্রিকের সুবাদে বিশ্বকাপের যোগ্যতাপর্বে সর্বাধিক ২১ গোলের নজির গড়েছেন মেসি। ভেঙেছেন হার্নান ক্রেসপোর ১৭ গোলের রেকর্ড। সাম্পাওলি যদিও রেকর্ড নয়, মেসিতে মাতলেন। আরও বলেন, 'মেসি ছাড়া বিশ্বকাপ সম্ভব নয়, যা আমাদের মাথায় ছিল। মূলপর্বের টিকিট পাওয়ার পথে যে চাপটা আমরা সামলেছি, তা আমাদের আরও শক্তিশালী করবে। আরও একটা বিশ্বকাপ, ওর লক্ষ্যপূরণের সঙ্গী হতে পারব। ফুটবল ইতিহাসের সেরা ফুটবলার মেসি, আশাকরি দল হিসেবে আমরা ওর কাছাকাছি পৌঁছোতে পারব।'

টুইটারে সরব ফিঞ্চ-ওয়ার্নাররা

হারের হতাশা, পাথর ছোড়া হল অসি টিমবাসে

গুয়াহাটি, ১১ অক্টোবর ঃ বাংলাদেশের চট্টগ্রামের পর ভারতের গুয়াহাটি।

স্থানীয় সমর্থকদের হাতে আক্রান্ত হল অস্ট্রেলিয়ার টিমবাস। বর্ষাপাড়া ক্রিকেট স্টেডিয়ামে ভারতীয় দলকে ব্যাট-বলের ডুয়েলে কার্যত উড়িয়ে দিয়ে জয় তুলে নেয় ডেভিড ওয়ার্নারের দল। বিরাটদের যে ব্যর্থতা মেনে নিতে পারেননি অনেক ভারতীয় সমর্থক। ক্ষোভ গিয়ে পড়ে অস্ট্রেলিয়ার টিমবাসের উপর। হোটেলে ফেরার পথে ছোড়া পাথরে বাসের জানলার কাচ ভেঙে যায়।

চট্টগ্রামেও ঠিক একই ঘটনা হয়েছিল। টেস্ট ম্যাচের দ্বিতীয় দিনে হোটেলে ফেরার পথে আক্রান্ত হতে হয় ওয়ার্নারদের। সেবারও বাসের জানলার কাচ ভেঙে যায় ইটের আঘাতে। টিমবাসের নিরাপত্তার দায়িত্বে ছিল অসম পুলিশ। বাসের আগে ও পরে নিরাপত্তাকর্মীদের গাড়ি ছিল। কিন্তু তারপরও এই ঘটনা অস্বস্তিতে ফেলে দিয়েছে অসম ক্রিকেট সংস্থাকেও।

বিষয়টিকে হালকাভাবে নেয়নি অসি শিবির। এই নিয়ে সরব হয়েছে তারা। পাথরের আঘাতে ভাঙা কাচ সহ বাসের ছবি সোশ্যাল মিডিয়ায় পোস্ট করেছেন অস্ট্রেলীয় ওপেনার অ্যারন ফিঞ্চ। লিখেছেন, 'আশঙ্কাজনক ঘটনা। হোটেলে ফেরার পথে ভিড়ের মধ্যে থেকে টিমবাসে পাথর ছোড়া হয়। ভাগ্য ভালো, ওই জানলাতে কেউ বসে ছিল না।' ফিঞ্চের টুইটকে 'রিটুইট' করেছেন অধিনায়ক ডেভিড ওয়ার্নার। প্রসঙ্গত, প্রত্যক্ষদর্শীদের কথায়, বলের সাইজের পাথর ছোড়া হয়। যার আঘাতে হুড়মুড়িয়ে ভেঙে পড়ে সংশ্লিষ্ট জানলার কাচ।

ব্র্যান্ড নিউ বর্ষাপাড়া ক্রিকেট স্টেডিয়ামে গতকালই ছিল প্রথম আন্তর্জাতিক ম্যাচ। ব্যবস্থাপনা নিয়ে স্থানীয় দর্শকরাও ক্ষোভ প্রকাশ করেছেন। এসিএ কর্তাদের কাজের মধ্যে সমন্বয়ের অভাব ছিল বলে অভিযোগ করেন অনেকে। ফলে সমস্যায় পড়তে হয় আগত দর্শকদের। তবে সবকিছু ধামাচাপা পড়ে যাচ্ছে টিমবাসের উপর হামলা। মুখ বাঁচাতে অসম ক্রিকেট সংস্থা (এসিএ)-র তরফে দ্রুত পুলিশে অভিযোগ দায়ের করা হয়েছে। সহ সভাপতি দেবজিৎ শইকিয়া আশাবাদী, শীঘ্রই অভিযুক্তরা ধরা পড়বে। 'ঘটনার কথা আমরা পুলিশকে জানিয়েছি। অস্ট্রেলিয়ার টিম আধিকারিকদের সঙ্গে কথা বলেছি। আর কোনো সমস্যা হবে না আশ্বাস দিয়েছি। ম্যাচ চলাকালীন পরিবেশ দুর্দান্ত ছিল। আশা করি, এই ঘটনা এসিএ-র ভাবমূর্তি নষ্ট করবে না,' বলেন শইকিয়া।

ভারতীয় সমর্থকদের ঢিলে ভেঙেছে অস্ট্রেলিয়ার টিমবাসের কাচ।

বিদেশি দলের টিমবাসে আক্রমণের ঘটনা কখনও ঘটেনি ভারতে। প্রতিপক্ষ খেলোয়াড়রা কখনও-সখনও বিদ্রুপের শিকার হয়েছেন, কিন্তু পাথর ছোড়ার মতো পরিস্থিতি এই প্রথম। দীর্ঘ সাত বছর পর আন্তর্জাতিক ক্রিকেট ম্যাচ আয়োজনের দায়িত্ব পাওয়া গুয়াহাটিকে যা কাঠগড়ায় দাঁড় করিয়ে দিয়েছে। অসমের মুখ্যমন্ত্রী সর্বানন্দ সোনোয়ালও আসরে নেমেছেন রাজ্যের ভাবমূর্তি ঠিক করতে। দাবি করেছেন, 'দুর্ভাগ্যজনক ঘটনা। নতুন স্পোর্টস হাব হিসেবে উঠে আসা গুয়াহাটির ভাবমূর্তি কালিমালিপ্ত করতেই এই ধরনের আক্রমণ। কড়া ভাষায় নিন্দা করছি। পুরোদমে তদন্ত চলছে। দুজন গ্রেফতারও হয়েছে।'

ঘটনার রেশ পৌঁছে গিয়েছে দিল্লির রাজনীতিতেও। কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রী রাজ্যবর্ধন রাঠোর কড়া ভাষায় নিন্দা করেছেন। বলেছেন, 'গুয়াহাটির পাথর ছোড়ার ঘটনাকে তীব্র নিন্দা করছি। কিন্তু এই ঘটনা দিয়ে আমাদের নিরাপত্তা ব্যবস্থাকে মাপা ঠিক হবে না। বিদেশি ক্রীড়াবিদ, দলের নিরাপত্তা আমাদের কাছে সবসময় অগ্রাধিকার পায়।' অসি টিমবাস আক্রান্ত হওয়া নিয়ে মুখর হয়েছেন রবিচন্দ্রন অশ্বীনও। ভারতীয় অফস্পিনার টুইটার-প্রতিক্রিয়ায় লিখেছেন, 'জঘন্য কাজ। আরও দায়িত্বশীল হওয়া উচিত ছিল সবার।'

সদ্যোজাত সন্তানের সঙ্গে সস্ত্রীক ভারতীয় ক্রিকেট তারকা রবীন উথাপ্পা (উপরে)। ফের পিতৃত্বের স্বাদ পেলেন পাকিস্তানি ক্রিকেটার কামরান আকমল।

ছিটকে গিয়ে অবসর ঘোষণা রবেনের

আমস্টারডাম, ১১ অক্টোবর ঃ ২০১৮ রাশিয়া বিশ্বকাপের মূলপর্বে খেলার যোগ্যতা অর্জন করে নিল গ্রিজম্যানের ফ্রান্স। ছাড়পত্র পেল ক্রিশ্চিয়ানো রোনাল্ডোর পোর্তুগালও। তবে একইদিনে রাশিয়া বিশ্বকাপে খেলার যোগ্যতা অর্জন করতে পারল না ২০১০ বিশ্বকাপের রানার আপ নেদারল্যান্ড।

গ্রুপ 'এ'-র ম্যাচে সুইডেনকে ২-০ গোলে হারালেও বিশ্বকাপের টিকিট অধরাই রয়ে গেল আর্জেন রবেনদের। বিশ্বকাপে খেলতে গেলে প্রতিপক্ষ সুইডেনের বিরুদ্ধে ৭-০ গোলে জিততে হবে, যা কার্যত অসম্ভব জেনেই মাঠে নেমেছিলেন রবেনরা। ম্যাচের শুরু থেকে ক্রমাগত আক্রমণের ঝাঁঝ বাড়িয়ে গোলের জন্য ঝাঁপায় নেদারল্যান্ড। সেই আক্রমণের ফসল- ম্যাচে কমলা বাহিনীর পক্ষে দুটো গোল। সুইডেনের বিরুদ্ধে দুটো গোলই করেন ডাচ তারকা আর্জেন রবেন। বিশ্বকাপে খেলার স্বপ্নভঙ্গের মধ্যেই দুঃসংবাদ ডাচ সমর্থকদের জন্য– সুইডেন ম্যাচের পরই দেশের জার্সিতে ফুটবলকে বিদায় জানালেন রবেন। ৩৩ বর্ষীয় রবেন দেশের হয়ে ৯৬টি ম্যাচে প্রতিনিধিত্ব করেছেন। কমলা জার্সি গায়ে তাঁর পা থেকে এসেছে ৩৭টি গোল।

২০১০-এর দক্ষিণ আফ্রিকা বিশ্বকাপে ফান গলের প্রশিক্ষণাধীনে দলকে ফাইনালে তুলেছিলেন বেয়ার্নের এই তারকা প্লেয়ার। সেই বিশ্বকাপে স্পেনের কাছে ফাইনালে হেরে বিশ্বকাপ জয়ের স্বপ্নভঙ্গ হয় ডাচদের। সেই হারের মধুর বদলা রবেনরা নিয়েছিলেন ২০১৪ ব্রাজিল বিশ্বকাপে। গ্রুপ লিগের ম্যাচে স্পেনকে তাঁরা উড়িয়ে দিয়েছিলেন পাঁচ গোলে। শেষপর্যন্ত নেদারল্যান্ড তৃতীয় হয়ে তাদের বিশ্বকাপ অভিযান শেষ করে। অবসর ঘোষণার পর ডাচ তারকা বলেন, '২০১০ এবং ২০১৪ বিশ্বকাপ আমার হৃদয়জুড়ে রয়ে যাবে। এই দুটো বিশ্বকাপের মুহূর্তগুলো আমার কাছে সেরা। শেষ ইউরো কাপ এবং রাশিয়া বিশ্বকাপ কোয়ালিফায়ারে আমরা মোটেই দল হিসেবে ভালো খেলতে পারেনি।'

এদিকে, গ্রুপ 'এ'-র অন্য ম্যাচে ঘরের মাঠে খেলতে নেমে গ্রিজম্যান এবং অলিভার জিরুডের গোলে বেলারুশকে ফ্রান্স হারাল ২-১ গোলের ব্যবধানে। ম্যাচের ২৭ মিনিটে ফ্রান্সকে এগিয়ে দেন অ্যাটলেটিকো মাদ্রিদ তারকা আঁতোয়া গ্রিজম্যান। ৩৩ মিনিটে দলের হয়ে ব্যবধান বাড়ান আর্সেনালের জিরুড। এই জয়ের সুবাদে সামনের বছর রাশিয়া বিশ্বকাপে সরাসরি খেলার যোগ্যতা পেয়ে গেল ফরাসি শিবির। ম্যাচের পর ফ্রান্স কোচ দিদিয়ের দেঁশ বলেন, 'বেলারুশ যথেষ্ট ভালো ফুটবল খেলেছে। আমরা এই ম্যাচে জিতে সরাসরি বিশ্বকাপে খেলার ছাড়পত্র পেলাম। নিজেদের লক্ষ্যে পৌঁছোতে পেরে দলের সবাই খুব খুশি।' অন্যদিকে, লিসবনে গ্রুপ 'বি'-র শেষ ম্যাচে সুইজারল্যান্ডকে ২-০ গোলে হারিয়ে গ্রুপশীর্ষে চলে গেল রোনাল্ডোর পোর্তুগাল। শুধু তাই নয়, সরাসরি রাশিয়া বিশ্বকাপের ছাড়পত্রও পেয়ে গেল তারা। ফ্রান্স, পোর্তুগালের পাশাপাশি ইউরোপ থেকে পরের বছর বিশ্বকাপের যোগ্যতা অর্জন করল গ্রিস, ইতালি, ডেনমার্ক, ক্রোয়েশিয়া, সুইডেন, নর্দান আয়ারল্যান্ড এবং রিপাবলিক অফ আয়ারল্যান্ড।

রাশিয়া বিশ্বকাপে নেই আমেরিকা

কউভা (ত্রিনিদাদ অ্যান্ড টোবাগো), ১১ অক্টোবর ঃ বিশ্বকাপ কোয়ালিফায়ারে অঘটন। কনকাকাফ গ্রুপের শেষ দল ত্রিনিদাদ অ্যান্ড টোবাগোর বিরুদ্ধে ২-১-এ হেরে রাশিয়া বিশ্বকাপের যোগ্যতা অর্জন পর্ব থেকে ছিটকে গেল আমেরিকা। ১৯৮৬ সালের পর থেকে টানা ফিফা বিশ্বকাপে অংশ নেওয়া ইউএসএ এই প্রথমবার কোয়ালিফায়ারের বাধা টপকাতে পারল না। ম্যাচের পর বিধ্বস্ত মার্কিন যুক্তরাষ্ট্রের কোচ ব্রুস এরেনা বলেন, 'আমরা প্রচণ্ড হতাশ। এই হারের জন্য কোনো অজুহাত দিতে চাই না। দেশের সমর্থকদের কাছে আমরা ক্ষমাপ্রার্থী।' অন্যদিকে, পানামা ২-১ গোলে কোস্টারিকাকে হারিয়ে রাশিয়া বিশ্বকাপে খেলার যোগ্যতা অর্জন করল। মেক্সিকোকে ৩-২ গোলে হারিয়ে পে অফে খেলার সুযোগ করে নিল হন্ডুরাস। কনকাকাফ গ্রুপ থেকে ইতিমধ্যেই ২০১৮ বিশ্বকাপ খেলার যোগ্যতা অর্জন করেছে মেক্সিকো এবং কোস্টারিকা।

পাকিস্তানের বিরুদ্ধে ২-০ ফলে টেস্ট সিরিজ জিতেছে শ্রীলঙ্কা। সেই খুশিতে স্ত্রীকে নিয়ে ডিনার অ্যাঞ্জেলো ম্যাথিউজের।

অপরাজেয় থাকাই লক্ষ্য আমেরিকার

মুম্বই, ১১ অক্টোবর ঃ রাশিয়া বিশ্বকাপে যোগ্যতা অর্জন করতে পারেনি বড়োরা। তবে ছোটোদেরকে ঘিরেই স্বপ্ন বুনছেন আমেরিকার সমর্থকরা। অনূর্ধ্ব-১৭ বিশ্বকাপে গ্রুপ 'এ'-র শেষ ম্যাচে বৃহস্পতিবার কলম্বিয়ার বিরুদ্ধে খেলতে নামছে আমেরিকা। অপরাজেয় থেকেই গ্রুপ লিগ পর্ব শেষ করতে চাইছেন আমেরিকার কোচ। তিনি বলেন, 'গ্রুপের সবকটা ম্যাচ জেতাই আমার প্রাথমিক লক্ষ্য। শেষ ম্যাচে আমাদের কলম্বিয়ার বিরুদ্ধে খেলতে হবে। প্রতিপক্ষ হিসেবে কলম্বিয়া যথেষ্ট শক্তিশালী দল।' দলের তরুণ ফুটবলারদের নিয়ে আশাবাদী ইউএসএ কোচ জন হ্যাকওয়ার্থ। গ্লস্টার, গসলিন, সার্জেন্ট, একিনোলার মতো প্রতিভাবান ফুটবলাররাই ভবিষ্যতে সিনিয়র দলে খেলবেন এমনটাই দাবি কোচের। কলম্বিয়াও প্রস্তুত আমেরিকার বিরুদ্ধে ইতিবাচক ফলের ব্যাপারে।

স্টোকসকে খোঁচা স্টার্কের

লন্ডন, ১১ অক্টোবর ঃ সময়টা মোটেই ভালো যাচ্ছে না ইংল্যান্ডের অলরাউন্ডার বেন স্টোকসের। গত মাসে ওয়েস্ট ইন্ডিজের সঙ্গে টেস্ট সিরিজ চলাকালীন একটি ক্লাবের নৈশ পার্টিতে হাতাহাতি করে গ্রেফতার হয়েছিলেন তিনি। বিতর্কিত ক্রিকেটারটিকে অস্ট্রেলিয়াগামী অ্যাসেজ দল থেকেও বাদ দেন ইসিবি-র নির্বাচকমণ্ডলী। তবে তাতেই স্টোকসের বিরুদ্ধে সমালোচনার ঝড় থামছে না। দেশের মাটিতে প্রাক্তনীদের সমালোচনার পাশাপাশি অ্যাসেজের আগে প্রতিদ্বন্দ্বী অস্ট্রেলিয়া শিবির থেকেও টিপ্পনী ভেসে এল ইংল্যান্ড অলরাউন্ডারের উদ্দেশে। অসি পেস তারকা মিচেল স্টার্ক জানিয়েছেন, 'বেন যদি অস্ট্রেলিয়া আসে তবে ওকে স্বাগত জানাতে তৈরি আমাদের দেশের সমর্থকরা। মাঠের মধ্যে সমর্থকরা যখন ওর বিরুদ্ধে সোচ্চার হবে সেই পরিস্থিতি কীভাবে স্টোকস ঠান্ডা মাথায় সামলায় সেটা দেখতে আগ্রহী আমি।' পাশাপাশি অ্যাসেজের মতো গুরুত্বপূর্ণ সিরিজে স্টোকসের মতো প্রথম সারির অলরাউন্ডারকে দলে না পাওয়া যে ইংল্যান্ডের পক্ষে চাপের হবে তা জানাতে ভোলেননি তিনি। অন্যদিকে, স্টোকসের সমালোচনায় সরব হলেন প্রাক্তন ইংল্যান্ড ক্রিকেটার কেভিন পিটারসেন। স্টোকসের বিরুদ্ধে মুখ খুলে এই প্রাক্তন তারকা ব্যাটসম্যান জানান, 'মাঝরাতে ক্লাবে গিয়ে স্টোকস যে ন্যক্কারজনক ঘটনা ঘটিয়েছে তারপর ওর আর দেশের হয়ে খেলার কোনো অধিকারই নেই।' প্রসঙ্গত, এর আগেও বারবার বিতর্কের কেন্দ্রবিন্দুতে থেকেছে বেন স্টোকসের নাম। ২০১১ সালেও একবার গ্রেফতার হয়েছিলেন তিনি।